



বার্ষিক উন্নয়ন পরিকল্পনা  
অর্থ-বছর ২০২৩-২৪

গফরগাঁও উপজেলা  
ময়মনসিংহ

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## অর্থ-বছর ২০২৩-২৪

প্রকাশকাল

জুন, ২০২৩

গফরগাঁও উপজেলা পরিষদ  
ময়মনসিংহ

## উপদেষ্টা

জনাব ফাতুমী গোলন্দাজ বাবেল

মাননীয় সংসদ সদস্য, ১৫৫ ময়মনসিংহ-১০ (গফরগাঁও)ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, গফরগাঁও

## পৃষ্ঠপোষকতায়

জনাব মোঃ আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ

জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ

জনাব রেশমা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ

## সম্পাদনায়

জনাব মোঃ আবিদুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ

## প্রকাশনা কমিটি

জনাব মো: জাকির হোসেন, উপজেলা প্রকৌশলী, গফরগাঁও

জনাব মোহাম্মদ নাসির উদ্দিন, উপজেলা কৃষি কর্মকর্তা, গফরগাঁও

জনাবসালমা আকতার, উপজেলাশিক্ষা কর্মকর্তা, গফরগাঁও

জনাব মো: শরিফুর রহমান, উপজেলা পল্লি উন্নয়ন কর্মকর্তা, গফরগাঁও

জনাব মো: সাইদুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গফরগাঁও

জনাব আব্দুল হালিম মানিক, ব্যবসায়ী ও সমাজসেবক, গফরগাঁও

## কারিগরি সহোযোগীতায়

মোঃ মনির উদ্দিন (নিশাত), উপজেলা ডেভেলপম্যান্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), ইউজিডিপি,

গফরগাঁও, ময়মনসিংহ

## গ্রন্থস্বত্ত্ব

উপজেলা পরিষদ, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ

## প্রকাশকাল

জুন, ২০২৩

সূচীপত্র

ক্র: নং

বিবরণ

পৃষ্ঠা নং

<b>মুখ্যবক্তৃ.....</b>	৬
<b>বাণী.....</b>	৭
<b>১. প্রথম অধ্যায়(উপজেলার পরিচিতি)</b>	
১.১ উপজেলার পটভূমি.....	১৪
১.২ উপজেলার মানচিত্র.....	১৬
১.৩ উপজেলার ভৌগোলিক পরিচিতি.....	১৭
<b>২. দ্বিতীয় অধ্যায় (আর্থ-সামাজিক তথ্য)</b>	
২.১ উপজেলা পরিষদের আর্থ-সামাজিক তথ্য.....	২৪
২.২ বিভিন্ন বিভাগের আর্থ-সামাজিক তথ্য	
২.২.১ ইউনিয়ন.....	২৬
২.২.২ সমাজসেবা.....	২৭
২.২.৩ বিআরডিবি.....	২৭
২.২.৪ কৃষি.....	২৮
২.২.৫ উপজেলা শিক্ষা.....	৩০
২.২.৬ মৎস্য.....	৩১
২.২.৭ উপজেলা স্বাস্থ্য.....	৩২
২.২.৮ মহিলা বিষয়ক.....	৩৩
২.২.৯ এলাজিইডি.....	৩৪
২.২.১০ পরিবার পরিকল্পনা.....	৩৪
২.২.১১ প্রাচী সম্পদ.....	৩৪
২.২.১২ সমবায়.....	৩৫
২.২.১৩ মাধ্যমিক শিক্ষা অফিস.....	৩৫
<b>৩. তৃতীয় অধ্যায় (পরিস্থিতি বিশ্লেষণ)</b>	
৩.১ পরিস্থিতি বিশ্লেষণ.....	৪০
৩.২ রূপকল্প নির্ধারণ.....	৪৮
৩.৩ সেক্টর ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ, উদ্দেশ্য ও অভিষ্ঠ নির্ধারণ.....	৪৮
<b>৪. চতুর্থ অধ্যায়(উপজেলার সম্পদ বিবরনী)</b>	
৪.১ উপজেলার সম্পদ বিবরনী .....	৪৬
<b>৫. পঞ্চম অধ্যায় (উপজেলা পরিষদ ও দণ্ডর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম)</b>	

ক্র: নং	বিবরণ	পৃষ্ঠা নং
৫.১	জাতীয় পরিকল্পনা ও প্রকল্প .....	৪৮
৫.২	বিভিন্ন দণ্ডের উন্নয়ন কার্যক্রম.....	৪৯
<b>৬.</b>	<b>ষষ্ঠ অধ্যায় (২০২৩-২০২৪ অর্থ-বছরের প্রস্তাবিত বাজেট)</b>	
৬.১	বাজেট সার-সংক্ষেপ .....	৫৬
<b>৭.</b>	<b>সপ্তম অধ্যায় (উপজেলা পরিষদ ও দণ্ডের ভিত্তিক উন্নয়ন প্রস্তাব)</b>	
৭.১	প্রকল্প তালিকা .....	৫৮
৭.২	প্রকল্প সার-সংক্ষেপ .....	৬৩
<b>৮.</b>	<b>অষ্টম অধ্যায়(মনিটরিং ও মূল্যায়ন)</b>	
৮.১	মনিটরিং ও মূল্যায়ন কৌশলের উদ্দেশ্য.....	৮৯
৮.২	মনিটরিং ও মূল্যায়ন কৌশলের মানদণ্ড.....	৯০
৮.৩	মনিটরিং ফরম্যাট.....	৯০
৮.৪	মনিটরিং ও মূল্যায়ন প্রতিবেদনের কাঠামো.....	৯৩

## মুখ্যবন্ধ

যে কোন দেশ, এলাকা বা সংস্থার উন্নয়ন নির্ভর করে তার সুষ্ঠু পরিকল্পনা ও যথাযথ বাস্তবায়নের উপর। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার ব্যবস্থার দ্বিতীয় স্তরের কাঠামো হচ্ছে উপজেলা পরিষদ। স্থানীয় পর্যায়ে প্রশাসন বিকেন্দ্রিকরণ, স্থানীয়ভাবে সম্পদ আহরণ ও জনগনের দোরগোরায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে এ কাঠামো গঠন করা হয়। ১৯৯৮ সনের উপজেলা পরিষদ আইন এবং উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকায় উপজেলাকে প্রতি পাঁচ বছর পর পর পঞ্চ-বার্ষিক এবং প্রতি বছর বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার কথা বলা আছে। কিন্তু এ যাবত কোন উপজেলাই এ পরিকল্পনা সমুহ তৈরী করেনি। যদিও কিছু কিছু উপজেলা পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বা কেবল উন্নয়ন পরিকল্পনা তৈরী করে যা মান সম্মত বা কার্যকর হয়নি। ফলে উপজেলা সমুহ এ উন্নয়ন পরিকল্পনার অভাবে সার্বিক উন্নয়ন ও কাংখিত সেবা নিশ্চিত করতে পারছিল না। আর এ কারণেই বাংলাদেশ সরকার JICA এর কারিগরি সহায়তায় বাংলাদেশের ৮টি বিভাগের ১০টি উপজেলায় পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার লক্ষ্যে UGDP নামক একটি প্রকল্প হাতে নিয়েছে। আর গফরগাঁও উপজেলা সেই ১০টি সৌভাগ্যবান উপজেলাদের একটি। এ প্রকল্পের সহায়তায় গফরগাঁও উপজেলা ২০১৮-১৯ অর্থ-বছর হতে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করছে এবং এরই ধারাবাহিকতায় উপজেলা ২০২৩-২৪ অর্থ-বছরের জন্য তার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করে।

## বাণী




ফাহমী গোলন্দাজ বাবেল, এমপি  
১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)  
ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, গফরগাঁও

## মাননীয় সংসদ সদস্যের বাণী

গফরগাঁও ময়মনসিংহ জেলার একটি অন্যতম উপজেলা। উপজেলা পরিষদ বিভিন্ন শ্রেণী ও পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে আবারো তার ”বার্ষিক উন্নয়ন পরিকল্পনা” বই প্রণয়ন করেছে জেনে আমি অত্যন্ত খুশি। গফরগাঁও উপজেলা পরিষদের এ উদ্যোগ তার সুশাসন প্রতিষ্ঠা ও উন্নয়ন নিশ্চিত করবে।

বর্তমান গণতান্ত্রিক সরকার সব সময়ই স্থানীয় সরকারকে গুরুত্ব দিয়ে আসছে। ২০৪১ সনের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করা সরকারের একটি লক্ষ্য। এ ভিশনকে সামনে রেখে সরকার বিভিন্ন কার্যক্রম হাতে নিচ্ছে, তেমনি একটি প্রকল্প UGDP। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন UGDP'র প্রধান উদ্দেশ্য হলো উপজেলা পরিষদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা এবং স্থানীয় পর্যায়ে উন্নয়ন ও সেবা কার্যক্রমজোরদার করা। একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জনগণ, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার সমস্যা সমাধানে সম্মিলিতভাবে কাজ করবে যার ফলে সুস্থিতিভাবে সম্পদের ব্যবহার নিশ্চিত হবে এবং সকলের দক্ষতা, জবাবদিহিতারচর্চা বৃদ্ধি পাবে। ”বার্ষিক উন্নয়ন পরিকল্পনা” বই প্রণয়ন ও বাস্তবায়নের ফলে যেমন সম্পদ ব্যবহারে অপচয় করবে, তেমনি উন্নয়নের ভিত টেকসই হবে এবং অনঙ্গসর জনগণের উন্নয়ন সম্ভব হবে। আমি এ চমৎকার উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং আশা করবো গফরগাঁও উপজেলা এর সুস্থ বাস্তবায়নে দৃঢ়ভাবে এগিয়ে যাবে।

ফাহমী গোলন্দাজ বাবেল, এমপি



মোঃ আশরাফ উদ্দিন  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ

## উপজেলা চেয়ারম্যানের বাণী

গফরগাঁও উপজেলা ময়মনসিংহ জেলার একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী উপজেলা। উপজেলা সৃষ্টির পর থেকেই এ উপজেলা তার উন্নয়ন কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছে। গফরগাঁও উপজেলা বাংলাদেশ সরকার ও UGDP প্রকল্পের কারিগরি সহায়তায় ২০১৭-১৮ অর্থ-বছর হতে "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা" প্রণয়ন করছে। এরই ধারাবাহিকতায় ২০২৩-২৪ অর্থ-বছরেও উপজেলা তার "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা" প্রণয়ন করেছে।

সুশাসন ও জবাবদিহিতা ছাড়া যেমন একটি প্রতিষ্ঠান চলতে পারে না তেমনি জনগণের সক্রিয় অংশগ্রহণ ছাড়াও সেই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। বর্তমান জনবান্ধব সরকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যকর উন্নয়নে বিশ্বাসী। জনপ্রতিনিধি, সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান, এনজিও, সিভিল সোসাইটি ও ব্যক্তি মানুষের অংশগ্রহণের মাধ্যমে একটি কার্যকর ও অংশগ্রহণমূলক পরিকল্পনা তৈরীর লক্ষ্যেই এ প্রকল্প হাতে নেয়া হয়েছে বলে আমি জেনেছি। এটা বাস্তবায়িত হলে পরে যেমন একটি পরিকল্পিত উন্নয়ন সম্ভব হবে তেমনি প্রতিষ্ঠান সমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতাও বৃদ্ধি পাবে। জনগন প্রত্যক্ষভাবে উন্নয়ন পরিকল্পনায় অংশগ্রহনের মাধ্যমে নিজেদেরকে মর্যাদাপূর্ণ ভাবে।

আমি এ উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানচ্ছি। আমি আশা করবো উপজেলা পরিষদ এ পরিকল্পনা মোতাবেক তার উন্নয়ন কাজ এগিয়ে নিয়ে যাবে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখবে।

মোঃ আশরাফ উদ্দিন



মোঃ আতাউর রহমান  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
গফরগাঁও, ময়মনসিংহ

## উপজেলা ভাইস চেয়ারম্যানের বাণী

গফরগাঁও উপজেলা ময়মনসিংহ জেলার একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী উপজেলা। উপজেলা সৃষ্টির পর থেকেই এ উপজেলা তার উন্নয়ন কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছে। গফরগাঁও উপজেলা বাংলাদেশ সরকার ও UGDP প্রকল্পের কারিগরি সহায়তায় ২০১৭-১৮ অর্থ-বছর হতে "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা" প্রণয়ন করছে। এরই ধারাবাহিকতায় ২০২৩-২৪ অর্থ-বছরেও উপজেলা তার "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা" প্রণয়ন করেছে।

সুশাসন ও জবাবদিহিতা ছাড়া যেমন একটি প্রতিষ্ঠান চলতে পারে না তেমনি জনগণের সক্রিয় অংশগ্রহণ ছাড়াও সেই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। বর্তমান জনবান্ধব সরকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যকর উন্নয়নে বিশ্বাসী। জনপ্রতিনিধি, সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান, এনজিও, সিভিল সোসাইটি ও ব্যক্তি মানুষের অংশগ্রহণের মাধ্যমে একটি কার্যকর ও অংশগ্রহণমূলক পরিকল্পনা তৈরীর লক্ষ্যেই এ প্রকল্প হাতে নেয়া হয়েছে বলে আমি জেনেছি। এটা বাস্তবায়িত হলে পরে যেমন একটি পরিকল্পিত উন্নয়ন সম্ভব হবে তেমনি প্রতিষ্ঠান সমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতাও বৃদ্ধি পাবে। জনগন প্রত্যক্ষভাবে উন্নয়ন পরিকল্পনায় অংশগ্রহণের মাধ্যমে নিজেদেরকে মর্যাদাপূর্ণ ভাবে।

আমি এ উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানচ্ছি। আমি আশা করবো উপজেলা পরিষদ এ পরিকল্পনা মোতাবেক তার উন্নয়ন কাজ এগিয়ে নিয়ে যাবে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখবে।

মোঃ আতাউর রহমান



রেশমা আকতার  
উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)  
গফরগাঁও, ময়মনসিংহ

### উপজেলা ভাইস চেয়ারম্যানের (মহিলা)বাণী

গফরগাঁও উপজেলা পরিষদ বিভিন্ন শ্রেণী ও পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। গফরগাঁও উপজেলা পরিষদের ‘বার্ষিক উন্নয়ন পরিকল্পনা’ সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হিসেবে কাজ করবে বলে আশা করি।

উপজেলা পরিষদ স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ স্তর। এই স্তরকে অধিকতর শক্তিশালী ও কার্যকর করার জন্য বর্তমান সরকার ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে, তেমনই একটি প্রকল্প UGDP। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন UGDP'র প্রধান উদ্দেশ্য হলো উপজেলা পরিষদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা এবং স্থানীয় পর্যায়ে উন্নয়ন ও সেবা কার্যক্রম জোরদার করা। এ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা এবং সরকারি নীতি প্রতিফলনের মাধ্যমে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি, উপজেলা নির্বাহী অফিসার ও হস্তান্তরিত ১৭টি দণ্ডের কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে।

একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জনগণ, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার সমস্যা সমাধানে সম্মিলিতভাবে কাজ করবেন যার ফলে সুস্থিতাবে সম্পদের ব্যবহার নিশ্চিত হবে। দক্ষতা, জবাবদিহিতা ও গণতন্ত্রের চর্চা বৃদ্ধি পাবে। এর ফলে সম্পদ ব্যবহারে অপচয় কমবে, উন্নয়নের ভিত্তি টেকসই হবে এবং অন্তর্সর জনগণের উন্নয়ন সম্ভবপর হবে। আমি উদ্যোগকে স্বাগত জানাই ও গফরগাঁও উপজেলার সাফল্য কামনা করি।

রেশমা আকতার



মোঃ আবিদুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ

## উপজেলা নির্বাহী অফিসারের বাণী

গফরগাঁও উপজেলা ময়মনসিংহ জেলার একটি অন্যতম প্রধান উপজেলা। ভৌগোলিক অবস্থান, অর্থনৈতিক কর্মকাণ্ড এবং জীবনযাত্রার মানেও এই উপজেলা আলোচিত এবং আলোকিত। "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা" করার মাধ্যমে এই উপজেলার উন্নয়ন কর্মকাণ্ডে একটি সমন্বয়ের সুযোগ তৈরী হবে বলে আমি বিশ্বাস করি। উপজেলা পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থায় একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। সরকারী সেবায় আস্থা ফিরিয়ে আনতে সেবা প্রদান প্রক্রিয়া ও ব্যবস্থার গুণগত পরিবর্তন আনা প্রয়োজন। একথা অনন্বিকার্য যে, অংশগ্রহণমূলক, শক্তিশালী, জবাবদিহিতামূলক, নিরপেক্ষ প্রাতিষ্ঠানিক ভিত্তি ব্যতিরেকে উপজেলা পরিষদকে কার্যকরী করা সম্ভবপরনয়। সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে জনপ্রতিনিধিদের দীর্ঘমেয়াদের ভিশনই পারে ভবিষ্যতের কাংখিত মাত্রার স্থানীয় সরকার তৈরী করতে।

উপজেলার বিভিন্ন দফতরের সম্পাদিত কাজ ও ভবিষ্যৎ পরিকল্পনা এখানে স্থান পেয়েছে। এর পাশাপাশি জাতীয় দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নে স্ব-স্ব দফতরের কাজের যোগসূত্র স্থাপিত হয়েছে। গফরগাঁও উপজেলার স্থানীয় পর্যায়ে সরকারী-বেসরকারী সেবা প্রদানকারী সকল প্রতিষ্ঠান একটি একীভূত সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মধ্য দিয়ে সেবা প্রদান অব্যাহত রাখবে বলে আমি মনে করি।

এই পরিকল্পনা পুষ্টিকায় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তর ও তার কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানাই। আরো ধন্যবাদ জানাই TGP-এর সদস্যবৃন্দসহ তাদের যারা এই পুষ্টিকা প্রণয়নে নিরলসভাবে কাজ করেছেন এবং একে স্বার্থকভাবে প্রকাশ করেছেন।

মোঃ আবিদুর রহমান

## প্রথম অধ্যায়

## উপজেলার পরিচিতি


### ১.১ উপজেলার পটভূমি

গফরগাঁওয়ের ঐতিহাসিক পটভূমি বিভিন্ন যুগে বিভিন্ন রাজ বংশের শাসনের ক্রমবিবর্তনের বৈশিষ্ট্য অলংকৃত। গফরগাঁও বংগ দেশের একটি অংশ বিধায় এখানেও আর্যদের বসতি ছিল বলে অনুমান করা যায়। চতুর্থ শতাব্দীতে রাজা সমুদ্রগুপ্ত সিংহাসনে আরোহন করেন। তিনি সমতট (ফরিদপুর-ঢাকা-পশ্চিম ময়মনসিংহের দক্ষিণ অংশ অর্থাৎ ব্রহ্মপুত্র নদের পশ্চিমাংশ) দখল করেন। ভাওয়ালের পাল রাজাগণ দশম শতাব্দীর প্রারম্ভ হতে একাদশ শতাব্দীর প্রথম দিক পর্যন্ত ১২১ বছর এই অঞ্চল শাসন করেন। পাল রাজাদের পরে ইহা হিন্দু শাসনে আসে। বৈদিক রাজত্বকালেই শাসন কার্যের সুবিধার জন্য বঙ্গদেশকে ৫টি ভাগে ভাগ করা হয়েছিল। ১) বরেন্দ্র, ২) বাড়ুগী, ৩) বঙ্গ ৪) রাঢ় ৫) মিথিলা। বংগ বিভাগটি ছিল করতোয়া ও ব্রহ্মপুত্র মধ্যবর্তী ভূ-ভাগ। আর গফরগাঁও এলাকা সেন রাজাদের অধীনে ছিল।

১৩৯২ সালে সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে এই এলাকা মুসলিম শাসনে আসে। প্রশাসনিক শাসনকর্তা ছিলেন জানে আলম খান। তাহার রাজধানী ছিল বর্তমান দিঘিরপাড় গ্রামে। সেই সময় গফর শাহ নামে একজন দরবেশ ছিলেন, তার নামানুসারে গফরগাঁও নাম করণ করা হয়। ১৮১৩ সালে সর্বপ্রথম ময়মনসিংহের জেলা কালেক্টর রবার্ট মিডফোডের নির্দেশে গফরগাঁও পাইক বরকন্দাজ নিয়া একটি থানা স্থাপন করা হয়। ১৮১৫ সালে ম্যাজিস্ট্রেট ইয়ার সাহেব থানায় চৌকিদারী প্রথা চালু করেন। গফরগাঁও থানায় ১৩ জন চৌকিদার ছিল। ১৯৮২ সালে গফরগাঁওকে মান উন্নীত থানা হিসাবে ঘোষণা করা হয় ও উক্ত সালের ৭ নভেম্বর উদ্বোধন করেন রিয়াল এডমিরাল মাহবুব আলী খান। ১৯৮৩ সালে উপজেলা কার্যক্রম চালু হয়। প্রথম উপজেলা নির্বাহী কর্মকর্তা ছিলেন জনাব আবুল কাশেম, ও প্রথম উপজেলা চেয়ারম্যান ছিলেন জনাব এস,এম মুর্শেদ।

গফরগাঁও উপজেলা ১টি পৌরসভা(পথমশ্রেণী), ১৫টি ইউনিয়ন ও ২০২ টি গ্রাম নিয়ে গঠিত। ইউনিয়ন সমূহ হল- রসূলপুর, বারবারিয়া, চরআলগী, রাওনা, যশৱা, সালতিয়া, গফরগাঁও, মশাখালী, উষ্টি, পাইথল, পাঁচবাগ, লংগাইর, দত্তেরবাজার, নিগ্রিয়ারী ও টাংগাব। উপজেলাটি দুটি থানায় বিভক্ত যার একটি গফরগাঁও ও অন্যটি পাগলা।

## ১. উপজেলার মানচিত্র



## ১. ওভেরলিক পরিচিতি

উত্তরে ত্রিশাল, পূর্বে নান্দাইল, কিশোরগঞ্জ জেলার হোসেনপুর ও পাকুন্ডিয়া উপজেলা, দক্ষিণে গাজীপুর জেলার কাপাসিয়া ও শ্রীপুর উপজেলা ও পশ্চিমে ত্রিশাল ও ভালুকা উপজেলা। সীমানার প্রায় তিনি দিক নদী দ্বারা বেষ্টিত এর পূর্বে ব্রহ্মপুত্র, দক্ষিণে কালীবানার ও পশ্চিমে সুতিয়া। শুধু উত্তর দিকে স্থল। উত্তরে ত্রিশাল, পূর্বে নান্দাইল, কিশোরগঞ্জ জেলার হোসেনপুর ও পাকুন্ডিয়া উপজেলা, দক্ষিণে গাজীপুর জেলার কাপাসিয়া ও শ্রীপুর উপজেলা ও পশ্চিমে ত্রিশাল ও ভালুকা উপজেলা। সীমানার প্রায় তিনি দিক নদী দ্বারা বেষ্টিত এর পূর্বে ব্রহ্মপুত্র, দক্ষিণে কালীবানার ও পশ্চিমে সুতিয়া। শুধু উত্তর দিকে স্থল। গফরগাঁও ২৪.১৫° উত্তর অক্ষাংশ এবং ৯০.২৬° পূর্বদ্রাঘিমাংশে অবস্থিত।

## দ্বিতীয় অধ্যায়

## আর্থ-সামাজিক তথ্য

## ২.১ উপজেলার আর্থ-সামাজিক তথ্য

উপজেলা	গফরগাঁও
সীমানা	উত্তরে ত্রিশাল, পূর্বে নান্দাইল, কিশোরগঞ্জ জেলার হোসেনপুর ও পাকুন্দিয়া উপজেলা, দক্ষিণে গোজীপুর জেলার কাপাসিয়া ও শ্রীপুর উপজেলা ও পশ্চিমে ত্রিশাল ও ভালুকা উপজেলা। সীমানার প্রায় তিনি দিক নদী দ্বারা বেষ্টিত এর পূর্বেক্ষপুত্র, দক্ষিণে কালীবানার ও পশ্চিমে সুতিয়া। শুধু উত্তর দিকে স্থল।
জেলা সদর হতে দূরত্ব	৩৯ কিঃমি:টেন যোগে, ৪৮ কিঃমি: সড়ক পথে।
আয়তন	৪০১.১৬ বর্গ কিলোমিটার
জনসংখ্যা	৪,৩০,৭৪৬ জন (প্রায়)
	পুরুষ ২,১১,১৯৫ জন (প্রায়)
	মহিলা ২,০২,২৯৩ জন (প্রায়)
লোক সংখ্যার ঘনত্ব	১,৮৪৮ (প্রতি বর্গ কিলোমিটারে)
মোট ভোটার সংখ্যা	২,৭১,৪৭৩ জন
	পুরুষ ভোটার ১,৩৩,৭৮২ জন
	মহিলা ভোটার ১,৩৭,৬৯১ জন
জনসংখ্যা বৃদ্ধির হার	১.৩০%
মোট পরিবার (খানা)	৮২,৯৭০ টি
নির্বাচনী এলাকা	১৫৫, ময়মনসিংহ-১০
গ্রাম	২১৯ টি
মৌজা	২০২ টি
ইউনিয়ন	১৫ টি
পৌরসভা	০১ টি
এতিমখানা সরকারী	০১ টি
এতিমখানা বে-সরকারী	১৭ টি
মসজিদ	৫২০ টি
মন্দির	০৮ টি
নদ-নদী	২ টি (গোমতী ও বুড়ি)
হাট-বাজার	৩৪ টি
ব্যাংক শাখা	১০ টি
পোস্ট অফিস/সাব পোঃ অফিস	৩৬ টি
টেলিফোন এক্সচেঞ্জ	০১ টি
শ্বেত কুটির শিল্প	৭৮১ টি
বহৎ শিল্প	০৩ টি
জনবল কাঠামো	

উপজেলা চেয়ারম্যান অফিসঃ

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	পুরণকৃত পদ	শুন্য পদ
১	চেয়ারম্যান	১	১	০
২	ভাইস-চেয়ারম্যান (পুরুষ)	১	১	০
৩	ভাইস-চেয়ারম্যান (মহিলা)	১	১	০
৪	সাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	১	১	০
৫	জিপ গাড়ী চালক	১	১	০
৬	অফিস সহায়ক	২	২	০
৭	মালি	১	০	১
৮	পরিচ্ছন্ন কর্মী	১	০	১

উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসঃ

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	পুরণকৃত পদ	শুন্য পদ
১	উপজেলা নির্বাহী কর্মকর্তা	১	১	০
২	প্রশাসনিক কর্মকর্তা	১	১	০
৩	অফিস সুপার	১	০	১
৪	সিএ কাম ইউডিএ	১	০	১
৫	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৪	৪	০
৬	জিপ চালক	১	১	০
৭	ফটোকপি অপারেটর	১	১	০
৮	অফিস সহায়ক	৩	৩	০
৯	নিরাপত্তা প্রহরী	২	২	০
১০	পরিচ্ছন্নতা কর্মী	২	২	০

## ২.২ বিভিন্ন বিভাগের আর্থ-সামাজিক তথ্য

### ২.২.১ ইউনিয়ন সমূহ

ইউনিয়নের নাম ও জিও কোড	আয়তন (একর)	লোকসংখ্যা		শিক্ষার হার (%)
		পুরুষ	মহিলা	
রসুলপুর-৬৯	৫৪৪০	১২০৩৬	১১৬২২	৩৯.২১
বড়বাড়িয়া-১১	২৯৯৩	৮৮৯৯	৮৮৩৬	৩৮.৩৭
চর আলগি-১২	৭৯৫৬	১৪৪৩৩	১৩৪৩১	৩৪.৭৬
সালতিয়া- ৮২	৫৯৬৫	১৩৪২০	১২৪৮২	৪৫.৬৭

পাঁচবাগ-৬৩	৬৪৫২	১৩৮৩৯	১৩৩৩৯	৮২.৮৪
মশাখালী-৮৪	৭৭১৯	১৪৭০৯	১৪২৮৮	৮৬.০২
যশোরা-৩১	৫৪৪০	১২০৩৬	১১৬২২	৮২.৭৭
গফরগাঁও-২৫	৫৫৮৫	১৪১৬৩	১৩৯১৭	৮৮.২৮
রাওনা-৭৫	৭০৩২	১২৭৭৯	১২৩৭১	৮২.১৮
উষ্টি-৯৪	৮৮০৭	১১৫০৩	১১২৫০	৮৩.৬২
লংগাইর-৩৭	৬৭১২	১২৫৮০	১২০৯০	৮৯.৫২
পাইথল-৫৬	৬৪১২	১২২১১	১১৭৬৮	৮৫.৬৭
দত্তের বাজার-১৮	৭৬৩৭	১৪৯৬৯	১৪৪৭৮	৫২.৫৭
নিগুয়ারী-৫০	৮৪০৭	১৬৯৬৩	১৬৩০০	৫১.৮৯
টাঙ্গাব-৮৮	৮৩৫৪	১৫৪৯৩	৮৬৫৪	৫৫.২৫
মোট=	৯৬৯১১.০০	২,০০,০৩৩.০	১,৮২,৮৮৮.০	
	%	৫২.৩০	৮৭.৭০	

## ২.২.২ উপজেলা সমাজসেবা কার্যালয়ঃ

১. প্রকল্পভূক্ত ইউনিয়নের সংখ্যা: ১৫
২. প্রকল্পভূক্ত গ্রামের সংখ্যা: ১৩৫

### জনবল কাঠামোঃ

নং	পদের নাম	মুঝরী কৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শুন্য পদের সংখ্যা	মন্তব্য
১	উপজেলা সমাজসেবা অফিসার	১	০	১	
২	উচ্চমান সহকারী-যুক্ত-হিসাবরক্ষক	১	১	০	
৩	ফিল্ড সুপার ভাইজার	১	১	০	
৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেট	১	১	০	
৫	ইউনিয়ন সমাজকর্মী	৯	৮	১	
৬	কারিগরী প্রশিক্ষক	৩	১	২	
৭	অফিস সহায়ক	১	০	১	
৮	নিরাপত্তা প্রহরী	১	১	০	
মোট		১৮	১৩	৫	

## ২.২.৩ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

### সাধারণ তথ্যঃ

- (ক) ইউনিয়নের সংখ্যা- ১৫ টি
- (খ) গ্রামের সংখ্যা- ২০২ টি
- (গ) পরিবার সংখ্যা- ২৯,৫৩৭ টি
- (ঘ) মোট জনসংখ্যা- ১,৭৬,৭১০ জন

### জনবল কাঠামোঃ

নং	পদের নাম	মুঝেরী কৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শুন্য পদের সংখ্যা	মন্তব্য
১	পল্লী উন্নয়ন কর্মকর্তা	১	১	০	
২	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	১	১	০	
৩	হিসাব রক্ষক	১	১	০	
৪	মাঠ সংগঠক	২	১	১	
৫	অফিস সহকারী	১	১	০	
	ইউসিসিএ				
১	পরিদর্শক	৯	৩	৬	
২	হিসাব সহকারী	১	০	১	
৩	অফিস সহকারী	১	১	০	
৪	অফিস সহায়ক	২	০	২	
	সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক)				
১	মাঠ সংগঠক	৮	৮	০	
	পল্লী প্রগতি প্রকল্প				
১	গ্রাম সংগঠক	২	১	১	
	মোট	২৫	১৪	১১	

### ০১) মূল কর্মসূচির তথ্যাবলী :-

- (ক) কৃষক সমবায় সমিতির সংখ্যা- ৪১৬ টি
- (খ) সদস্য সংখ্যা- ২৭,৮৭৪ জন
- (গ) শেয়ার আমানত- ২৮,৯২,০০০/- টাকা
- (ঘ) সঞ্চয় আমানত- ২৬,৭১,০০০/- টাকা

### ০২) মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ) এর তথ্যাবলী :-

- ক) মহিলা সমবায় সমিতির সংখ্যা- ৪৮ টি
- (খ) সদস্য সংখ্যা- ১,৫৩৬ জন
- (গ) শেয়ার আমানত- ৫,০৭,০০০/- টাকা
- (ঘ) সঞ্চয় আমানত- ১২,৯৪,০০০/- টাকা

**০৩) সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) এর তথ্যাবলী :-**

- (ক) দলের সংখ্যা- ৬০ টি
- (খ) সদস্য সংখ্যা- ১,৮৮৫ জন
- (গ) সঞ্চয় আমানত- ৬,৭৬,০০০/- টাকা

**৪) পল্লী প্রগতি প্রকল্পের তথ্যাবলী :-**

- (ক) দলের সংখ্যা- ১২ টি
- (খ) সদস্য সংখ্যা- ৫৪৭ জন
- (গ) সঞ্চয় আমানত- ১,৮৩,০০০/- টাকা

**৫) অসচল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্থান কর্মসূচির তথ্যাবলী :-**

- (ক) প্রশিক্ষণ সদস্য সংখ্যা- ১৬০ জন
- (খ) খাণী সদস্য সংখ্যা- ৯৪ জন

**৬) অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচির তথ্যাবলী :-**

- (ক) দলের সংখ্যা- ৩০ টি
- (খ) সদস্য সংখ্যা- ৭২৩ জন
- (গ) সঞ্চয় আমানত- ১,৪৫,০০০/- টাকা

**৭) ব্যাংকে স্থায়ী আমানতের বিবরণঃ-**

- সর্বমোট- ১,৯৪,৬৬,৮০৭/- টাকা
- (ক) মূল কর্মসূচি- ১,৬০,৭৫,০০০/- টাকা
- (খ) মড- ১৮,২২,৮০৭/- টাকা
- (গ) সদাবিক- ৫,৭০,০০০/- টাকা
- (ঘ) পল্লী প্রগতি প্রকল্প- ৩,০০,০০০/- টাকা
- (ঙ) ইউটিইউ- ৭,০০,০০০/- টাকা

**২.২.৪ উপজেলা কৃষি অফিস****জনবল কাঠামোঃ**

নং	পদের নাম	মুঝেরী কৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শুন্য পদের সংখ্যা	মন্তব্য
১	উপজেলা কৃষি অফিসার	১	১	০	
২	অতিরিক্ত কৃষি অফিসার	১	০	১	

৩	কৃষি সম্প্রসারণ অফিসার	২	২	০	
৪	সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার	১	০	১	
৫	উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা	১	১	০	
৬	উপসহকারী কৃষি কর্মকর্তা	৪৬	৩৬	১০	
৭	উচ্চমান সহকারী বনাম হিসাব রক্ষক	১	১	০	
৮	অফিস সহকারী বনাম কম্পিউটার অপারেটর	২	১	১	
৯	স্প্রেয়ার মেকানিক	১	১	০	
১০	পিপিএম	২	২	০	
১১	অফিস সহায়ক	২	১	১	
১২	নিরাপত্তা প্রহরী	২	২	০	
	মোট	৬১	৪৯	১২	

### কৃষি বিষয়ক তথ্যঃ

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	ক্রঃ নং	বিবরণ	পরিমাণ
১.	মোট এলাকা	৪০১১৬ হেক্টর	৩০	বাংলারিক বৃষ্টিপাত (মিলিমিটার)	২১০-২৫০
২.	থানার সংখ্যা	২	৩১	উপজেলার সর্বোচ্চ তাপমাত্রা (সেলসিয়াস)	৩৫°
৩.	পৌরসভার সংখ্যা	১	৩২	উপজেলার সর্বনিম্ন তাপমাত্রা (সেলসিয়াস)	১২°
৪.	ইউনিয়নের সংখ্যা	১৫	৩৩	বিসিআইসি সার ডিলার সংখ্যা	১৬
৫.	মৌজার সংখ্যা	২০২	৩৪	খুচরা সার বিক্রেতার সংখ্যা	১৪৪
৬.	গ্রামের সংখ্যা	২২০	৩৫	বিএডিসি বীজ ডিলার সংখ্যা	৩৩
৭.	কৃষি ব্লকের সংখ্যা	৪৬	৩৬	পাইকারী বালাইনাশক ব্যবসায়ীর সংখ্যা	৭
৮.	জনসংখ্যা	৪৪৭৫৭৪	৩৭	খুচরা বালাইনাশক ব্যবসায়ীর সংখ্যা	১২৫
৯.	পুরুষ	২২৩৫৮৫	৩৮	নার্সারী সংখ্যাঃ ক) সরকারী	
১০.	মহিলা	২২৩৯৮৯			০
১১.	মোট কৃষি পরিবারের সংখ্যা	৯৮৬৭০		খ) বেসরকারী	২১
১২.	কৃষক শ্রেণী (সংখ্যায়)		৩৯	কোল্ডস্টোরের সংখ্যা ক) সরকারী	
	ক) ভূমিহীন	২৪.৩০%			-
	খ) প্রাক্তিক	৪২.৮০%		খ) বেসরকারী	-
	গ) ক্ষুদ্র	২০.৯০%	৪০	মোট খাদ্যশস্য চাহিদা (মেঝ টন)	৭৯৩৩৬
	ঘ) মাঝারী	৯.৫০%	৪১	মোট খাদ্যশস্য উৎপাদন (মেঝ টন)	১৬৪২৫৮
	ঙ) বড়	২.৫০%	৪২	খাদ্যশস্য উত্থান (+) ঘাটতি (-) (বীজ ও অপচয় বাদে)	৮৪৯২২(+)
১৩.	মোট জমি (হেঃ)	৪০১১৬	৪৩	সেচ যন্ত্র ব্যবহারের সংখ্যা ক) গভীর নলকুপ	
১৪.	স্থায়ী পতিত (হেঃ)	৮৩৭৬			৩৭৮
১৫.	অস্থায়ী পতিত (হেঃ)	৫৫০		খ) অগভীর নলকুপ	১৯৯০
১৬.	বনভূমি (হেঃ)	২২০		গ) পাওয়ার পাম্প	৪৫৫

১৭.	নীট ফসলী জমি (হেঁ)	৩০৯৭০		ঘ) রোয়ার পাম্প	০
১৮.	এক ফসলী জমি (হেঁ)	২৮৭০		ঙ) ট্রেডল পাম্প	০
১৯.	দো-ফসলী জমি (হেঁ)	২১৫১০		৪৪ সেচকৃত জমির পরিমাণ (হেঁ)	২৩৪৮০
২০.	তিন ফসলী জমি (হেঁ)	৫৭০৫		৪৫ সেচকৃত জমির হার (%)	৭৫%
২১.	চার ফসলী জমি (হেঁ)	৮৮৫		৪৬ সয়েল মিনিল্যাবের সংখ্যা	০
২২.	মোট ফসলী জমি (হেঁ)	৬৬৫৪৫		৪৭ গুটি ইউরিয়া তৈরী মেশিনের সংখ্যা	৮
২৩.	ফসলের নিবিড়তা (%)	২১৫%		৪৭ গুটি ইউরিয়া এপ্লিকেটরের সংখ্যা	৩৬
২৪.	উচু জমি	৩৭.২%	১৪৯২৫ হঁ	৪৮ NPK তৈরীর কারখানার সংখ্যা	২
২৫.	মধ্যম উচু জমি	৪১.২%	১৬৫২৭ হঁ	৪৯ ইউনিয়ন কমপ্লেক্স এ SAAO অফিসের সংখ্যা	৭
২৬.	মধ্যম নীচু জমি	১৫.৭%	৬২৯৮ হঁ	৫০ কৃষি পরামর্শ কেন্দ্রের সংখ্যা	৭
২৭.	নীচু জমি	৪.৯%	১৯৬৫ হঁ	৫১ আইপিএম ক্লাবের সংখ্যা	৬০
২৮.	অতি নীচু	১%	৪০১ হঁ		
২৯.	নীট চৱ এলাকা		১৪৮ হঁ		

## ২.২.৫ উপজেলা শিক্ষা অফিস

সাধারণ তথ্যঃ

০১। আওয়াতাভুক্ত এলাকাঃ পৌরসভা-০১ টি

ইউনিয়ন-১৫ টি

০২। মোট সরকারী প্রাথমিক বিদ্যালয় সংখ্যা- ২৩৯

০৩। ক্লাস্টার সংখ্যা- ১০ টি

জনবল কাঠামোঃ

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুন্য পদ
উপজেলা শিক্ষা অফিসার	০১	০১	০০
সহকারী উপজেলা শিক্ষা অফিসার	১০	০৭	০৩
উচ্চমান সহকারী	০১	০১	০০
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০৩	০৩	০০
হিসাব সহকারী	০১	০০	০১
অফিস সহায়ক	০১	০১	০০

### সরকারী প্রাথমিক বিদ্যালয়

০১। সরকারী প্রাথমিক বিদ্যালয়-২৩৮ টি

০২। শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-০১ টি

০৩। কিভার গার্টেন বিদ্যালয় -৯৬ টি

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুন্য পদ
প্রধান শিক্ষক	২৩৭	২১৩	২৪
সহকারী শিক্ষক	১২২৮	১১৫৮	১৭০
দণ্ডরী কাম প্রহরী	১৬০	১৫৯	১

## ২.২.৬ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

### জনবল কাঠামোঃ

নং	পদের নাম	মুঞ্জরী কৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শুন্য পদের সংখ্যা	মন্তব্য
১	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	১	১	০	
২	মান নিয়ন্ত্রন কর্মকর্তা	১	০	১	
৩	সহকারী মৎস্য কর্মকর্তা	১	০	১	
৪	ক্ষেত্র সহকারী	১	০	১	
৫	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	১	০	
৬	অফিস সহায়ক	১	১	০	
	মোট	৬	৩	৩	

### ন্যাশনাল ওষ্ঠিকালচার টেকনোলজি প্রোগ্রাম-ফেজ ২ (এনএটিপি-২)

নং	পদের নাম	মুঞ্জরী কৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শুন্য পদের সংখ্যা	মন্তব্য
১	সম্প্রসারণ কর্মকর্তা	১	১	০	
২	ক্ষেত্র সহকারী	১	১	০	
	মোট	২	২	০	

### মৎস্য বিষয়ক তথ্যাদিঃ

ক্র.নং	বিষয়	বিবরণ/সংখ্যা
১	আয়তন	৪০১.১৬ ব.কিমি
২	গ্লোক সংখ্যা	৪১৩৪৮৮ জন
৩	মৎস্য চাষীর সংখ্যা	১৬২০০ জন
৪	মৎস্যজীবির সংখ্যা	৫২৩০ জন
৫	মৎস্য খাদ্য কারখানা বরফকল	৮ টি
	মৎস্য আড়ৎ সংখ্যা	৮ টি
	সরকারী হ্যাচারীর সংখ্যা	০
	বেসরকারী হ্যাচারীর সংখ্যা (নিবন্ধিত)	২ টি

৬	জেলের সংখ্যা	৩৫৫০ জন
৭	নিবন্ধিত জেলের সংখ্যা	২৭১৮ জন
৮	আইডি কার্ড বিতরণ	২১২৮
৯	মৎস্য খাদ্য বিক্রেতা (পাইকারী)	০
১০	মৎস্য খাদ্য বিক্রেতা (খুচরা)	২ টি
১১	পোনা ব্যবসায়ী	২৬ জন
১২	পোনার চাহিদা	২০৭ লক্ষ
১৩	পোনার উৎপাদন	১.৯ লক্ষ
১৪	রেনু উৎপাদন	১১০০ কেজি
১৫	মোট মাছের চাহিদা	১২৩০১ মেট্রিক টন
১৬	মোট মাছ উৎপাদন	২৪৬৩৭ মেট্রিক টন
১৭	উদ্বৃত্ত মাছের পরিমাণ	১২৩৩৬ মেট্রিক টন

### মৎস্য খামার ও উন্নত জলাশয় সম্পর্কিত তথ্যাদিঃ

ক্র.নং	জলাশয়ের ধরণ	সংখ্যা	আয়তন (হেক্টের)	উৎপাদন (হেক্টের)
১	বানিজ্যিক পুরুর	১৪১৩৫	২৩৬০.৮	২০৮২৫
২	অবানিজ্যিক পুরুর	২৪১	৮১	৬১
	মোট পুরুর	১৪৩৭৬	২৪০১.৮	২০৮৮৬
৩	নদী	৩	১৭২০	৩৬০
৪	বিল/জলমহাল	৯৫	১৫৯০	১১৭০
৫	প্লাবন ভূমি		৬৭০১	২১৩০
৬	বর্ধা প্লাবিত ধানক্ষেত মোট		১৭৯	৯১
				২৪৬৩৭

### ২.২.৭ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	০১ টি
কমিউনিটি ক্লিনিক	৪৬ টি
ইউনিয়ন সাব সেন্টার (স্থাপনা বিহীন)	১০ টি
ইউনিয়ন সাব সেন্টার (আরডি)	৮ টি

## জনবল কাঠামোঃ

উপজেলা	মেডিকেল অফিসার	জুনিয়র কনসালট্যান্ট	সিনিয়র স্টাফ নার্স	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী
	পদ সংখ্যা	কর্ম ক্ষমতা	পদ সংখ্যা	কর্ম ক্ষমতা	পদ সংখ্যা
উপজেলা	৭	৫	২	১০	৩
স্বাস্থ্য				৭	৩
কমপ্লেক্স					
উপস্বাস্থ্য	৪	৩	১	০	০
কেন্দ্র				০	
ইউনিয়ন	১০	৮	২	০	০
স্বাস্থ্য				০	
কেন্দ্র					

## ২.২.৮ মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

## সাধারণ তথ্য:

মোট সমিতি সংখ্যা : ১৯ টি

- চালু সমিতির সংখ্যা : ০৯টি
- নিষ্প্রিয় সমিতির সংখ্যা : ১০টি

## জনবল কাঠামোঃ

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুন্য পদ
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	১	১	০
অফিস সহকারী	১	১	০
অফিস সহায়ক	১	১	০
মোট	৩	৩	০

## ২.২.৯ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

### সাধারণ তথ্য:

উপজেলা রাস্তা	১৩৩.৬৫ কি.মি.
ইউনিয়ন রাস্তা	১২৬.১২ কি.মি. - ৬৯.৩৫ কি.মি. (পাকা) - ৫৬.৭৭ কি.মি. (কাচা)
গ্রামীণ রাস্তা- এ	৬০১.০৮ কিলোমিঃ - ৫৬.০০ কি.মি. (পাকা) - ৫৪৫.০৮ কি.মি. (কাচা)
গ্রামীণ রাস্তা - বি	৭৫৫ কি.মি. - ১৬.০০ কি.মি. (পাকা) - ৭৩৯.০০ কি.মি. (কাচা)
ব্রীজ/কালভাট্টের সংখ্যা	৪৬৬ টি
নদীর সংখ্যা	০২ টি

### জনবল কাঠামোঃ

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুল্য পদ
উপজেলা প্রকৌশলী	১	১	০
সহকারী প্রকৌশলী	১	০	১
উপ-সহকারী প্রকৌশলী	২	১	১
নস্কারার (এসএই)	১	০	১
সার্ভেয়ার	১	১	০
কমিউনিটি অর্গানাইজার	১	১	০
হিসাব রক্ষক	১	০	১
হিসাব সহকারী	১	১	০
অফিস সহকারী	১	১	০
কম্পিউটার অপারেটর কাম	১	০	১
সার্টিফাইড রিকার্ড			
কার্য সহকারী	৮	৮	০
ইলেক্ট্রনিক শিল্প	১	১	০
অফিস সহায়ক	২	২	০
নিরাপত্তা প্রহরী	২	২	০

## ২.২.১০ উপজেলা পরিবার পরিকল্পনা অফিস

### সাধারণ তথ্য:

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	১১ টি
পরিবার পরিকল্পনা ক্লিনিক	৮ টি
এম.সি.এইচ. ইউনিট	৮ টি
সক্ষম দম্পতির সংখ্যা	৮৭,৬৪০ জন
বিভিন্ন পদাতি প্রহণকারীর সংখ্যা	৬৯,০৬৯ জন

### জনবল কাঠামোঃ

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুন্য পদ
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা		১	
মেডিকেল অফিসার		২	
পরিবার পরিকল্পনা সহকারী		৩	
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক		২	
অফিস সহায়ক		২	
আয়া		১	
<b>মাঠ পর্যায়</b>			
উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার		৮	
ফার্মাসিস্ট		৮	
পরিবার কল্যাণ পরিদর্শিকা		১৪	
পরিবার কল্যাণ পরিদর্শিক		১৪	
পরিবার কল্যাণ সহকারী		৫৩	
দাই নার্স		৩	
মিডওয়াইফ		১	
নিরাপত্তা প্রহরী		৬	
আয়া		১১	

## ২.২.১২ উপজেলাপ্রাণি সম্পদ অফিস

### সাধারণ তথ্যঃ

উপজেলা পশু চিকিৎসা কেন্দ্র	১ টি
পশু ডাক্তারের সংখ্যা	২ জন
কৃত্রিম প্রজনন কেন্দ্র	১ টি
পয়েন্টের সংখ্যা	৩ টি
উন্নত মুরগীর খামারের সংখ্যা	১১ টি
লেয়ার ৮০০ মুরগীর উর্ধে আছে, এরপ খামার	অসংখ্য
গবাদিও পশুর খামার	২২ টি
বয়লার মুরগীর খামার	৯৬ টি

### জনবল কাঠামোঃ

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুন্য পদ
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা	১	১	০
ভেটেরেনারী সার্জন	১	১	০
উপজেলা লাইঙ্গিস্টিক সহকারী	১	০	১
উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)	৩	৩	০
উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (কৃত্রিম প্রজনন)	১	১	০
কম্পিউটার	১	১	০
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	০	১
ড্রেসার	১	০	১
অফিস সহায়ক	১	১	০
<b>এনএটিপি</b>			
প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা	১	১	০
মাঠ সহকারী	১	১	০
সিইএল	১৫	১৫	০
<b>এলডিপিপি</b>			
প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা	১	১	০
প্রাণী সম্পদ মাঠ সহকারী	২	২	০
এলএসপি	১৩	১৩	০
মোট			

## ২.২.১৩ উপজেলা সমবায় অফিস

### সাধারণতথ্যাদি:

কেন্দ্রিয় সমবায় সমিতি লিঃ	০১ টি
মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লিঃ	০২ টি
ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ	১৫ টি
বহুমুখী সমবায় সমিতি লিঃ	১০৯ টি
মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ	৩৭ টি
যুব সমবায় সমিতি লিঃ	১১ টি
আশ্রয়ন/আবাসন বহুমুখী সমবায় সমিতি	০৫ টি
কৃষক সমবায় সমিতি লিঃ	১২০ টি
পুরুষ বিত্তহীন সমবায়সমিতি লিঃ	০৬ টি
মহিলা বিত্তহীন সমবায়সমিতি লিঃ	০৭ টি
শূন্দ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ	০২ টি
অন্যান্য সমবায় সমিতি লিঃ	০৫ টি
চালক সমবায় সমিতি	৩ টি

### জনবল কাঠামোঃ

পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শুন্য পদ
সমবায় অফিসার	১	১	০
সহকারী পরিদর্শক	২	২	০
অফিস সহকারী কাম কম্পিউটার	১	০	১
মুদ্রাক্ষরিক			
অফিস সহায়ক	১	১	০
মোট	৫	৮	১

## ২.২.১৪ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস

### জনবল কাঠামোঃ

ক্রঃনং	পদের নাম	মঞ্জুরীকৃত পদ	কর্মরত পদ	শুন্য পদ	মন্তব্য
১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	১	১	--	
২	সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	১	১	--	

৩	উপজেলা একাডেমিক সুপারভাইজার	১	১	--	
৪	হিসাব রক্ষক	১	১	--	
৫	অফিস সহকারী/ডাটা এন্ট্রি অপারেটর	১	১	--	
৬	অফিস সহায়ক	১	১	--	
৭	গার্ড	১	১	--	
মোট		৭	৭	--	

#### ব্যানবেইস'র জনবল কাঠামো:

ক্রংকং	পদের নাম	মঞ্জুরীকৃত পদ	কর্মরত পদ	শুন্য পদ	মন্তব্য
১	সহকারী প্রোগ্রামার	১	--	১	
২	কম্পিউটার অপারেটর	১	--	১	
৩	ল্যাব এ্যাসিস্টেন্ট	১	১	--	
৪	নিরাপত্তা প্রহরী	১	১	--	
৫	পরিচ্ছন্নতা কর্মী	১	--	১	
মোট		৫	২	৩	

#### স্তর ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা:

ক্রংকং	শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ	সংখ্যা	মন্তব্য
১	ডিপ্লি/অনার্স	৮	
২	উচ্চ মাধ্যমিক	৭	
৩	উচ্চ মাধ্যমিক (কারিগরি)	৩	
৪	মাধ্যমিক	৬৪	
৫	নিম্নমাধ্যমিক	১১	
৬	ফার্জিল	৯	
৭	আলিম	৩	
৮	দাখিল	৫১	
সর্বমোট		১৫২	

#### বিদ্যালয় ও মাদরাসায় কর্মরত শিক্ষক-কর্মচারী সংখ্যা:

ক্রং কং	প্রতিষ্ঠান ধরণ	শিক্ষক-কর্মচারী সংখ্যা	কর্মরত শিক্ষক-কর্মচারী		শুন্য পদ	মন্তব্য
			শিক্ষক	কর্মচারী		
১	বিদ্যালয়	৩৫	২৫	৬	৮	
	ক. সরকারী মাধ্যমিক					
	খ. বেসরকারী		৬৪০	৩১০	১০	

	মাধ্যমিক					
	গ. নিম্ন-মাধ্যমিক	৯৬	৭২	২১	৩	
২	মাদ্রাসা					
	ক. দাখিল	৯৫৪	৭৯২	১৬২	০	
	খ. আলিম	১৩৫	১১৫	২০	০	
	গ. ফাজিল	১৬০	১৩৫	২৫	০	
৩	কলেজ					
	ক. সরকারী	৮০	২৫	১২	৩	
	খ. বেসরকারী	১৫০	১১১	৩২	৭	
	গ. স্কুল এন্ড কলেজ	২২	১৩	৬	৩	
	ঘ. কারিগরি	২২	১৫	৩	৮	
	সর্বমোট	২৫৭৪	১৯৪৩	৫৯৭	৩৪	

## অধ্যয়নরত শিক্ষার্থী সংখ্যা:

ক্রংনং	পর্যায়	শিক্ষার্থী সংখ্যা	মন্তব্য
১	কলেজ	৩৩৪০	
২	বিদ্যালয়	৩৭২৯৩	
৩	মাদ্রাসা	১৪০৭৩	
	সর্বমোট	৫৪৭০৬	

## উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী সংখ্যা:

ক্রংনং	পর্যায়	উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী সংখ্যা	মন্তব্য
১	স্নাতক	২৭৭	
২	উচ্চ মাধ্যমিক	১০৫৭	
৩	মাধ্যমিক	১৩১১৬	
	সর্বমোট	১৪৪৫০	

২.২.১৫ উপজেলা জনস্বাস্থ্য অফিস

## জনবল কাঠামোঃ

ক্রংনং	পদের নাম	মঙ্গলীকৃত পদ	কর্মরত পদ	শুন্য পদ	মন্তব্য
১	উপসহকারী প্রকৌশলী	১	১	০	
২	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	১	০	

৩	নলকুপ মেকানিক	৪	৪	০	
৪	বার্তা বাহক	২	২	০	
৫	কর্মী	২	২	০	
৬	অফিস সহায়ক	১	১	০	
৭	নেশ প্রহরী	১	১	০	
	মোট	১২	১২	০	

## ২.২.১৫ উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর

জনবল কাঠামোঃ

ক্রংক্রিৎ	পদের নাম	মঙ্গুরীকৃত পদ	কর্মরত পদ	শুন্য পদ	মন্তব্য
১	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	১	১	০	
২	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	৩	৩	০	
৩	ক্যাসিয়ার	১	১	০	
৪	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	১	০	
৫	অফিস সহায়ক	১	১	০	
	মোট	৭	৭	০	

## ২.২.১৫ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস

জনবল কাঠামোঃ

ক্রংক্রিৎ	পদের নাম	মঙ্গুরীকৃত পদ	কর্মরত পদ	শুন্য পদ	মন্তব্য
১	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	১	১	০	
২	অফিস সহকারী	১	১	০	
৩	অফিস সহায়ক	১	১	০	আউট সোর্সিং
৪	উপ-সহকারী প্রকৌশলী (এসএনএসপি)	১	১	০	
৫	কার্য-সহকারী (ব্রীজ)	১	১	০	
	মোট	৫	৫	০	

## তৃতীয় অধ্যায়

## পরিস্থিতি বিশ্লেষণ, রূপকল্পনা ও লক্ষ্য নির্ধারণ

### ৩.১ পরিস্থিতি বিশ্লেষণ

গফরগাঁও উপজেলায় ১টি পৌরসভা ও ১৫ টি ইউনিয়ন নিয়ে গঠিত। উপজেলায় হস্তান্তরিত ১৭ টি বিভাগসহ অন্যান্য দণ্ডর, সরকারী-বেসরকারী সংস্থা, এনজিও এবং অসংখ্য ব্যাক্তি মালিকাধীন প্রতিষ্ঠান রয়েছে। উপজেলা পরিষদ তার পঞ্চ-বার্ষিক পরিকল্পনা বই করার প্রয়োজনে একটি উন্নত আলোচনা সভা আয়োজন করে। সভায় পরিকল্পনা করার প্রয়োজনীয়তা ও গুরুত্বের বিষয়টি সকলকে অবহিত করে এবং সকলের সহযোগিতা চায়। জেলা সমন্বয়েকের সহযোগিতায় পরবর্তীতে স্বীয় স্বীয় বিভাগ/দণ্ডর তার পরিস্থিতি বিশ্লেষণ করে। পরিস্থিতি বিশ্লেষণ পর্যালোচনা করলে নিম্ন লিখিত চিত্র ফুটে উঠে-

যোগাযোগঃ গফরগাঁও উপজেলা জেলা সদরের সহিত রেল ও সড়ক উভয় পথেই সংযুক্ত। সড়ক পথটি দীর্ঘদিন অবহেলিত অবস্থায় থাকার পর কিছুদিন হল নতুনভাবে তৈরীর উদ্যোগ নেয়া হয়েছে এবং কাজ শুরু হয়েছে। তবে জেলা সদরের সহিত উপজেলার রেল যোগাযোগই সহজ ও জনপ্রিয়। উপজেলার আভ্যন্তরিন যোগাযোগ ব্যবস্থায়ও ততটা উন্নত নয়। মোট রাস্তার পরিমাণ ১৫৫৫ কিমি যার মধ্যে মাত্র কিমি পাকা এবং কিমি কাঁচা ও কিমি এইচবিবি রাস্তা। ফলে এইচবিবি ও কাঁচা রাস্তা হতে পাকা রাস্তা করার ব্যাপক চাহিদা রয়েছে। এলজিইডি বড় বড় পাকা রাস্তা করলেও ছোট ছোট রাস্তা অবহেলিত থেকে যায়। উপজেলাকেই তার উন্নয়ন তহবিলের সাহায্যে এসব ছোট ছোট রাস্তা তৈরী এবং মেরামত/উন্নয়ন কাজ করতে হয়। এছাড়াও জলাবদ্ধতা নিরসন ও কৃষি জমিতে সেচের আওতায় আনতে রাস্তায় মাঝে মাঝে বক্স কালভার্ট, পাইপ ড্রেন প্রচুর পরিমাণে করতে হয়। বিশেষভাবে গ্রামীণ জনগণের সুপেয় পানির ব্যবস্থা করতে টিউবেটেল এবং পরিবেশ ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে প্রচুর পরিমাণে স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন সরবরাহ করতে হয়।

অন্যান্য উপজেলার ন্যায় গফরগাঁও উপজেলাও শিক্ষার হার বাড়ছে। এ উপজেলায় ২৩৯ টি প্রাইমারী এবং ১৫৪ টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে বিশেষকরে প্রাইমারী লেভেলে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৫৫ হাজার। এসব প্রতিষ্ঠান অভিমুখী সংযোগ সড়কের অবস্থা বেশ নাজুক। ফলে স্কুলগামী সড়কের বেশ চাহিদা রয়েছে। আর ছাত্র-ছাত্রী বেড়ে যাওয়ায় শিক্ষা প্রতিষ্ঠান সমুহে ক্লাস রুমের সংকট দেখা দিচ্ছে। ফলে নতুন নতুন স্কুল ভবন বা ক্লাস রুমের চাহিদা দেখা দিচ্ছে। আর এসব কাঁচা/ভাঙ্গা রাস্তা ও ক্লাস সংকটের কারণে স্কুলগুলোতে ছাত্র-ছাত্রীর উপস্থিতি কমে যাচ্ছে। সরকার শিক্ষা ফ্যাসিলিটি ডিপার্টম্যান্ট ও এলজিইডির মাধ্যমে এসব সমস্যা সমাধানের চেষ্টা করলেও পেরে উঠেছে না। আর এ কারণেই উপজেলা পরিষদকে শিক্ষা প্রতিষ্ঠান অভিমুখী রাস্তা, বর্ধিত ক্লাসরুম বানানো, ক্লাসরুমে বেঞ্চ সরবরাহ, টয়লেট নির্মাণ, টিউবয়েল স্থাপনসহ বেশ কিছু কাজ করতে হয়। এছাড়াও সামাজিক বিভিন্ন বিষয়, যেমন- বাল্য বিয়ে, যৌতুক, ইভ-টিজিং, পারিবারিক নির্যাতন, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করাসহ বিভিন্ন বিষয়ে বিভিন্ন দণ্ডের সহযোগীতা নিয়ে কাজ করতে হয়। গফরগাঁও উপজেলার বিভিন্ন দণ্ডের পরিস্থিতি বিশ্লেষণ নিম্নে দেয়া হল-

পরিস্থিতি বিশ্লেষণ

খাত	সমস্যার বর্ণনা				বর্তমান/ভবিস্যৎ কর্মকান্ড	এক বছর পর অসমাপ্ত সমস্যা	প্রস্তাবিত কাজ
	সমস্যা	স্থান	পরিমাণ	কারণ			
যোগাযোগ ও ভৌত অবকাঠামো (এলজিইডি)	উপযোগী রাস্তা-ঘাটের অভাবে চলাচলে জন-দুর্ভোগ	সমগ্র উপজেলা	৩০৫ টি সড়ক	- পর্যাপ্ত পাকা রাস্তার অভাব - পর্যাপ্ত বরাদ্ব নেই - রক্ষণাবেক্ষণের অভাব - সঠিকভাবে রাস্তা ব্যবহারে জনগণের অভ্যন্তা/অসচেতনতা	- ১৫টি সড়ক নির্মাণ - ২৫ টি সড়ক রক্ষণাবেক্ষণ	২৯৫ টি সড়ক অসমাপ্ত	উপজেলা পরিষদ ১৫ টি সড়ক নির্মাণ করতে পারে
জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর)	নিরাপদ খাবার পানির অভাবে জন-দুর্ভোগ		- ১৪৫০০ টিউবেল	- চাহিদার তুলনায় টিউবেল কম - ৩ টি ডিপকল - ৫কিমি সরবরাহ লাইন	- ৫০০ টিউবেল স্থাপন - ৩ টি ডিপকল স্থাপন - ৪ কিমি সরবরাহ লাইন স্থাপন - টিউবেল ব্যবহার/সংস্কারে সচেতনতার অভাব	- ১৪৫০০ টিউবেল স্থাপন - ৩ টি ডিপকল স্থাপন - ৬ কিমি সরবরাহ লাইন স্থাপন	উপজেলা পরিষদ ৩০ টিউবেল স্থাপন করতে পারে
	স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিনের অভাবে রোগ-বালাই ছড়িয়ে পড়া		- ২৪৫০০ ল্যাট্রিন	- চাহিদার তুলনায় ল্যাট্রিন সংখ্যা কম - অপ্রকৃত বরাদ্ব - ল্যাট্রিন সামগ্ৰীৰ উচ্চমূল্য - জনগণের ক্রয় ক্ষমতা কম	- ৫০০ ল্যাট্রিন	- ২৪০০০ ল্যাট্রিন	উপজেলা পরিষদ ১৫০ টি ল্যাট্রিন স্থাপন করতে পারে
	ত্রেনেজ ব্যবস্থার অভাবে জলাবদ্ধতায় জন-দুর্ভোগ		- ৬ কিমি ত্রেন	- পর্যাপ্ত বরাদ্ব নেই - পরিকল্পনার অভাব	- ২ কিমি ত্রেন	- ৬ কিমি ত্রেন	সংশ্লিষ্ট দপ্তরে পত্র লিখতে পারে
শিক্ষা (প্রাথমিক)	স্কুলে উপস্থিতি করে	সমগ্র	২৩৯টি প্রাথমিক	- স্কুলগামী রাস্তা কাচা/	- ৫টি স্কুলগামী রাস্তা	- ৬৮টি স্কুলগামী রাস্তা	উপজেলা পরিষদ

(শিক্ষাঅফিস)	যাওয়া	উপজেলা	স্কুল	ভাঙচোরা ও যানবাহনের অভাব - অনিরাপদ ক্লাসরূম - ক্লাসরূমের স্বল্পতা - সামাজিক অনিরাপত্তা/আইন-শৃঙ্গলার অবনতি	নির্মিত/চলমান - ২০টি স্কুলে বর্ধিত ভবন নির্মিত/চলমান - ১০টি স্কুলে সংস্কার/উন্নয়ন কাজ সম্পন্ন/চলমান	নির্মাণ/সংস্কার প্রয়োজন - ১১৫টি স্কুলে বর্ধিত ক্লাসরূম প্রয়োজন - ১৩২টি স্কুলে সংস্কার/উন্নয়ন কাজ প্রয়োজন	৭টি স্কুলগামী রাস্তা, ৫টি স্কুল ভবনে সংস্কার কাজ করতে পারে
শিক্ষা (মাধ্যমিক শিক্ষা অফিস)	মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানে উপযোগী শ্রেণীকক্ষ ও মাল্টিমিডিয়া সামগ্রীর অভাব	সমগ্র উপজেলা	১৫১টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ১৯৫০ জন শিক্ষক	- বাজেট/সংশ্লিষ্ট উপকরণের স্বল্পতা - মাল্টিমিডিয়া উপযোগী শ্রেণীকক্ষের অভাব - নিরবিচিহ্নিত বিদ্যুতের সমস্যা	- ২৫ টি প্রতিষ্ঠানে উপকরণ সরবরাহ - আইসিটি বিষয়ক প্রশিক্ষিত শিক্ষক শতভাগ	- ১১১টি স্কুলে মাল্টিমিডিয়া সংশ্লিষ্ট উপকরণ প্রয়োজন	উপজেলা পরিষদ ১টি স্কুলে সংশ্লিষ্ট উপকরণ সরবরাহ করতে পারে
কৃষি (উপজেলা কৃষি অফিস)	- বিষমুক্ত সবজি চাষে অনীহা	সমগ্র উপজেলা	- ১৫০ টন সবজি	- পেকার আক্রমণ - উৎপাদন কম - সময়মত ফসল না পাওয়া - সাপ্লাই চেইন তৈরী না হওয়া	- বালাইনাশক প্রশিক্ষণ - প্রদর্শনী (১৫টি) - উপকরণ সরবরাহ - ২০ টন বিষমুক্ত সবজি উৎপাদিত হবে	- ১৩০ টন বিষমুক্ত সবজি প্রয়োজন	উপজেলা পরিষদ ৫ বেচে ১৫০ জন কৃষককে প্রশিক্ষণ দিতে পারে
কৃষি (উপজেলা প্রাণী সম্পদ অফিস)	রোগ-বালাইয়ে পশু মারা যাওয়া	সমগ্র উপজেলা	- ২৬০০০ গরু পালনকারী কৃষক - ৫০০০ গরু মোটাতাজাকরণ কৃষক - ২৫০০০ ছাগল/ভেড়া - ৮০০০০০ হাঁস-মুরগী	- কৃষকদের পশু পালনে জ্যান/দক্ষতার অভাব - সময়মত পশু চিকিৎসায় অবহেলা - হাতের নাগালে ঔষধ না পাওয়া - ঔষধ এর স্বল্পতা	- ২০০০ গরু পালনকারী কৃষক প্রশিক্ষণ পাবে - ৪০০ গরু মোটাতাজাকরণ কৃষক প্রশিক্ষণ পাবে - ৫০০০ ছাগল/ভেড়া টিকা পাবে - ১২০০০০ হাঁস-	- ২৪০০০ গরু পালনকারী কৃষক প্রশিক্ষণ আওয়াতার বাইরে থাকবে - ৪৬০০ গরু মোটাতাজাকরণ কৃষক প্রশিক্ষণ আওয়াতার বাইরে থাকবে - ২০০০০ ছাগল/ভেড়া	উপজেলা পরিষদ ২০০ গরু পালনকারী কৃষক ও ২০০ গরু মোটাতাজাকরণ কৃষককে প্রশিক্ষণ দিতে পারে

## বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

					মুরগী টিকা পাবে	টিকার আওয়াতার বাইরে থাকবে		
কৃষি (উপজেলা অফিস)	মৎস্য	রোগ-বালাইয়ে মাছ মরে যাওয়া	সমগ্র উপজেলা	- ২৩০০ মৎস্য চাষী	- কৃষকদের মাছ ঢাঁচে জ্ঞান/দক্ষতার অভাব - সময়মত চিকিৎসা সামগ্রী না পাওয়া	- ৩৪০ মৎস্য চাষী প্রশিক্ষণের আওয়াতায় আসবে	- ১৯৬০ মৎস্য চাষী প্রশিক্ষণের আওয়াতার বাইরে থাকবে	উপজেলা পরিষদ ২০০ মৎস্য চাষীকে প্রশিক্ষণের আওয়াতায় আনতে পারে
মহিলা ও শিশু উন্নয়ন (উপজেলা মহিলা বিষয়ক অফিস)	মহিলা অনীহা	- অপর্যাপ্ত প্রশিক্ষণ - বিচার/অভিযোগ চাইতে অনীহা	সমগ্র উপজেলা উপজেলা	- ৮০০০ মহিলা - ২০০০ মহিলা	- বাজেট স্বল্পতা - উপযোগী প্রশিক্ষণ কক্ষ্য না পাওয়া	- ২০০ মহিলা প্রশিক্ষণের আওয়াতায় আসবে	- ৭৮০০ মহিলা প্রশিক্ষণের আওয়াতার বাইরে থাকবে	উপজেলা পরিষদ ২০০ মহিলাকে প্রশিক্ষণের আওয়াতায় আনতে পারে
		অভিযোগ করতে/বিচার চাইতে অনীহা		- ২০০০ মহিলা	- বিচারকার্যে দীর্ঘ-সুত্রিতা - সমাজে লোক লজ্জার ভয় - সঠিক বিচার না পাওয়ার আশংকা	- ১৬০ মহিলা সেবার আওয়াতায় আসবে	- ১৮৪০ মহিলা সেবার আওয়াতার বাইরে থাকবে	
স্বাস্থ্য (উপজেলা স্বাস্থ্য কম্পেন্সের)	হাসপাতাল অপরিচ্ছন্নতা	চন্দেরের অপরিচ্ছন্নতা	উপজেলা স্বাস্থ্য কম্পেন্সের	উপজেলা স্বাস্থ্য কম্পেন্সের ১৫ জন পরিচ্ছন্নতাকর্মীর প্রয়োজন। (৩,৫০,০০০ জন রোগী ও দর্শনার্থী কষ্ট করছে)	১। পরিচ্ছন্নতাকর্মীর স্বল্পতা ২। রোগী/এটেন্ডেন্টদের অসচেতনতা	৪ জন পরিচ্ছন্নতাকর্মী কাজ করছে	৯ জন কর্মীর প্রয়োজন	স্বাস্থ্য মন্ত্রণালয়ে ৯ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের জন্য পত্র দেয়া
	হাসপাতালের আউটডোরে অপেক্ষমান রোগীদের বসার স্থানে রোগী বান্ধব পরিবেশ না থাকা	স্বাস্থ্য কম্পেন্সের এর আউটডোর	স্বাস্থ্য কম্পেন্সের এর	১টি আউটডোর (১,৮০,০০০ জন রোগী ও দর্শনার্থী কষ্ট করছে)	১। ওয়েটিং রুম রোগী বান্ধব নায়	কোন কার্যক্রম নেই	কোন কার্যক্রম নেই	উপজেলা পরিষদ ওয়েটিং রুম রোগী বান্ধব করতে ব্যবস্থা করতে পারে

## বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

স্বাস্থ্য (উপজেলা পরিবার পরিকল্পনা অফিস)	গৰ্ভবতী মায়েদের স্বাস্থ্য ঝুকি	সমগ্র উপজেলা	২৮০০ মহিলা	- সচেতনতার অভাব - পুষ্টি জ্যানের অভাব - দারিদ্র্য	- ৪ ব্যাচে ১০০ জন প্রশিক্ষণ পাবে	২৭০০ প্রশিক্ষণের থাকবে	মহিলা বাইরে থাকবে	উপজেলা পরিষদ ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করতে পারে
মানব দম্পত্তি উন্নয়ন (উপজেলা সমবায় অফিস)	অপ্রতুল প্রশিক্ষণ	সমগ্র উপজেলা	- ৩৫৪ টি সমিতির ১০৬২৪ জন সদস্য - ৩৫৪ টিসমিতির ২১২৪ জন কমিটি মেম্বর	পর্যাপ্ত বরাদ্ব না থাকা	- ১০ জন আধ্যাত্মিক অফিসে প্রশিক্ষণ পাবে - ৪ ব্যাচে ১০০ জন স্থানীয় অফিসে প্রশিক্ষণ পাবে	- ১০৬১৪ জন প্রশিক্ষণের থাকবে	- ১০৬১৪ জন প্রশিক্ষণের বাইরে থাকবে	উপজেলা পরিষদ কর্তৃক - ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে - ১টি মাল্টি- মিডিয়া প্রজেক্টের ও ১টি ল্যাপটপ প্রদান করতে পারে
	সমিতির ঘরের অভাব			১৬ টি অফিস ঘর	অফিস ঘর নেই	কার্যক্রম নেই	১৬টি অফিস ঘর প্রয়োজন	উপজেলা পরিষদ কর্তৃক ১টি অফিস ঘর নির্মান করা যেতে পারে
সমাজকল্যাণ (উপজেলা সমাজসেবা অফিস)	শারিয়িক প্রতিবন্ধিদের চলাচলে অসুবিধা	সমগ্র উপজেলা	৫৭৬ জন শারিয়ীক প্রতিবন্ধী	- হুইল চেয়ারের অভাব - বরাদ্ব নেই	কার্যক্রম নেই	৫৭৬ জন শারিয়ীক প্রতিবন্ধী	উপজেলা পরিষদ কর্তৃক ১০ জন শারিয়ীক প্রতিবন্ধীকে হুইল চেয়ার বিতরণ	

**রূপকল্প**

যোগাযোগ ও অবকাঠামো উন্নয়ন এবং আধুনিক মান সম্মত শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি ভিত্তিক সেবা নিশ্চিতকরণের মাধ্যমে গফরগাঁও উপজেলার জনসাধারণের জীবনমান উন্নয়ন।

**খাত ভিত্তিক লক্ষ্য, ফলাফল ও সূচক নির্ধারণ**

ক্র.নং	লক্ষ্য	খাত	ফলাফল	পরিমাপযোগ্য সূচক
১	যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে জনগন দুর্ভোগ কমানো এবং জীবনমান উন্নয়ন	যোগাযোগ	উপজেলা পরিষদ ৭টি পাকা রাস্তা, ১২টি ইইচবিবি রাস্তা এবং ১৭টি সংস্কারযোগ্য রাস্তাসহ মোট ৩৬টি প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করেছে। ফলে জনগণের দুর্ভোগ কমেছে এবং হাট-বাজার, ইউনিয়ন ও বিভিন্ন সরকারী সেবাদানকারী সংস্থায় যোগাযোগ সহজ হয়েছে।	১৮ কিমি রাস্তার উন্নয়নহয়েছে।
২	নিরাপদ পানি, স্বাস্থ্য-সম্মত পায়খানা নিশ্চিতকরণসহ জনস্বাস্থ্য সম্পর্কিত দুর্গোত্ত্ৰ লাঘব	জনস্বাস্থ্য	উপজেলা পরিষদ ১৯টি বক্স-কালভার্ট/পাইপড্রেন নির্মান করার ফলে যেমনি জলাবদ্ধতা দূর হয়েছে, তেমনি পরিবেশের প্রভূত উন্নয়ন হয়েছে।	১৯ টি বক্স-কালভার্ট/পাইপড্রেন নির্মিত হয়েছে।
৩	শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াত সহজ করা এবং ছাত্র-ছাত্রীর উপস্থিতি বাড়ানো	শিক্ষা	উপজেলা পরিষদ ৬টি প্রকল্প বাস্তবায়ন করার ফলে ছাত্র-ছাত্রীসহ জনগণের যাতায়াত যেমন সহজ হয়েছে তেমনি স্কুলে উপস্থিতির হার বেড়েছে।	ছাত্র-ছাত্রীসহ ১৮০০০ জনগণের যাতায়াত সহজ হয়েছে এবং স্কুলে উপস্থিতির সংখ্য ৯০% থেকে ৯৩% এ উন্নিত হয়েছে।

## চতুর্থ অধ্যায়

## উপজেলার সম্পদ বিবরণী

## উপজেলার সম্পদ বিবরণীর সার-সংক্ষেপঃ

	অর্থায়নের উৎস	বার্ষিক গড় বরাদ্দ
১	বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) মণ্ডুরি	৯০,০০,০০০.০০
২	বিশেষ কর্মসূচির মণ্ডুরি	০০.০০
৩	স্থানীয়ভাবে আহরিত সম্পদ	২,৮৩,০৮,৫০০.০০
৪	উপজেলায় বাস্তবায়নের জন্য জাতীয় প্রকল্প ব্যবহৃত এনবিডিসমূহের বাজেট	৯০,০০,৬৫,০০০.০০
৫	পৌরসভা উন্নয়ন কর্মসূচির মণ্ডুরি	২৫,৯০,০০,০০০.০০
৬	জেলা পরিষদের উন্নয়ন কর্মসূচির মণ্ডুরি	১,১৫,০০,০০০.০০
৭	উপজেলায় সংসদ সদস্যের বরাদ্দ	৩,৭৫,০০,০০০.০০
৮	জাতীয় প্রকল্পঃ উপজেলা পরিষদ (ইউজিডিপি) ইউনিয়ন পরিষদ (এলজিএসপি)	৫০,০০,০০০.০০ ৩,২৫,০০,০০০.০০
৯	এনজিও/ সিএসও তহবিল	৮৫,০০,০০০.০০

## পঞ্চম অধ্যায়

## উপজেলা পরিষদ ও দপ্তর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম

### জাতীয় পরিকল্পনা ও প্রকল্প

পরিকল্পনা/ প্রকল্পের নাম	খাত	অভিষ্ঠ গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ	অভিষ্ঠ এলাকা জেলা/ (উপজেলা/ ইউনিয়নের নাম)	প্রকল্পের মেয়াদ
আমার বাড়ি আমার খামার প্রকল্প	পল্লী উন্নয়ন ও সমবায়	আমার বাড়ি আমার খামার প্রকল্পের লক্ষ্য হলো নিজস্ব পুজি বব্যবস্থাপনায় প্রাণিক পর্যায়ে স্থানীয় প্রাকৃতিক ও মানব সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির জীবিকায়ন নিশ্চিত কও দারিদ্র নিরসন ও টেকসই উন্নয়ন। ১ লক্ষ গ্রাম সমিতি গঠনের মাধ্যমে ৬০ লক্ষ দরিদ্র পরিবারকে এর সুবিধা দেয়া হবে।	উপজেলার সকল ইউনিয়ন	২০১৪ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত
আশ্রায়ন প্রকল্প	সমাজ কল্যাণ	দেশের ভূমিহীন দরিদ্র পরিবারকে আশ্রয় দেয়া ও তাদের কর্মসংস্থানের মাধ্যমে জীবিকা নির্বাহের সুযোগ করে দেয়াই এ প্রকল্পের লক্ষ্য। গফরগাঁও উপজেলা এ পর্যন্ত ৩টি আশ্রায়ন প্রকল্পের মাধ্যমে ২৪০ টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে।	২ টি ইউনিয়ন	চলমান
এলজিএসপিপ্রকল্প	জাতীয় প্রকল্প	ইউএনডিপি এর অর্থায়নে ইউনিয়ন সমুহের গভর্নেন্স এবং অবকাঠামো উন্নয়ন করা এ প্রকল্পের অন্যতম কাজ।	সকল ইউনিয়ন	৫ বছর
ইউজিডিপিপ্রকল্প	জাতীয় প্রকল্প	জাইকার অর্থায়নে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অধীন স্থানীয় সরকার বিভাগ এর আওতায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ২০০টি	৪৯১ টি উপজেলা	ডিসেম্বর, ২০১৬ হইতে জুন, ২০২১

পরিকল্পনা/ প্রকল্পের নাম	খাত	অভিষ্ঠ গোষ্ঠী ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ	অভিষ্ঠ এলাকা জেলা/ (উপজেলা/ ইউনিয়নের নাম)	প্রকল্পের মেয়াদ
		উপজেলায় ৫ বছরের জন্য বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো সরকারী সেবা সমুহ জনগনের দোর গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে প্রশিক্ষনের মাধ্যমে উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধি করা এবং উপজেলায় পরিষদের বিভিন্ন কর্মকাণ্ডে তহবিল হস্তান্তর। যার ফলে স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালী হবে।		

## বিভিন্ন দণ্ডের উন্নয়ন কার্যক্রম

### উপজেলা শিক্ষা অফিস

#### উপবৃত্তি প্রকল্প

সুবিধাভোগী শিক্ষার্থী			সুবিধাভোগী পরিবার				মোট
বালক	বালিকা	মোট	১ম সন্তান	২য় সন্তান	৩য় সন্তান	৪র্থ সন্তান	
২৩৪৪৬	২৪৫২৪	৪৭৯৭০	৩৩৮৩৪	৬০৭৫	৫১৮	১০৮	৪০৫৩৫

#### চলমান প্রকল্পঃ

